**(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কেশবপুর, যশোর।
keshabpur.jessore.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৪১৩৮.০০০.০০২.০১.২৬-৯৮৫

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩
২১ জুলাই ২০২৬

**ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণের সংশোধিত বিজ্ঞপ্তি :**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী "০১ আগস্ট ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে কেশবপুর উপজেলার তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামুলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাশ<br>খ) বয়স ১৮-৪০ বছর (শুমারির তারিখে)<br>গ) ট্যাবলেট/স্মার্ট ফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর।<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান।<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও বলতে সক্ষম।<br>চ) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত। | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে BBS জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর প্রাপ্তি<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ<br>খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।<br>গ) পাসপোর্ট ও স্ট্যাম্প সাইজের ছবি ১ কপি করে।<br>ঘ) অভিজ্ঞতার সনদ/প্রমাণক এর সত্যায়িত অনুলিপি (যদি থাকে) |
| ০২ | সুপারভাইজার | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স ২৫-৪৫ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০% + নম্বর।<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকায় ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান।<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা। | ক) প্রতিটি গণনা এলাকা (EA) শারীরিকভাবে প্রতিদিন পরিদর্শন<br>খ) প্রতি EA এর ৫-১০%পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার মধ্যে ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা।<br>ঘ) ট্যাবলেটে চার্জ, ডেটা লিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত।<br>ঙ) সমস্যা ওঅভিযোগ উপজেলা কমিটিকে তাৎক্ষণিক জানানো। | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর প্রাপ্তি<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ<br>খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।<br>গ) পাসপোর্ট ও স্ট্যাম্প সাইজের ছবি ১ কপি সত্যায়িত।<br>ঘ)অভিজ্ঞতার সনদ/প্রমাণক এ সত্যায়িত অনুলিপি (যদি থাকে) |

- আবেদন ফরম প্রাপ্তির স্থান : উপজেলা সমাজসেবা কার্যালয়, কেশবপুর, যশোর এবং নিম্মোক্ত ওয়েব সাইটে পাওয়া যাবে। লিংক : https://keshabpur.jessore.gov.bd, http://dss.keshabpur.jessore.gov.bd
- আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিলের স্থান : উপজেলা সমাজসেবা কার্যালয়, কেশবপুর, যশোর এ দাখিল করতে হবে।

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি :**

| ক্রমিক নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|---|
| ০১ | ২১-০৭-২০২৬ খ্রি: হতে ২৫-০৭-২০২৬ সকাল ৯.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত | ২১-০৭-২০২৬ খ্রি: হতে ২৫-০৭-২০২৬ সকাল ৯.০০টা হতে বিকাল ৪:০০টা পর্যন্ত ***(শুক্রবার ও শনিবার অফিসে আবেদন গ্রহণ ও জমা প্রদান করা যাবে)*** | ২৬-০৭-২০২৬ খ্রি: সকাল ১০.০০ ঘটিকা |

# শর্তাবলী

১। তথ্য সংগ্রহকারীগণকে জরিপ চলাকালীন নির্ধারিত এলাকায় বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।

২। ফ্যামিলি কার্ড জরিপ চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ (আট) ঘন্টা তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত থাকতে হবে।

৩। তথ্যপ্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে।

৪। তথ্য সংগ্রহের ক্ষেত্রে কোন ধরণের গাফিলাতি বা অবহেলা করা যাবে না।

৫। কোন অবস্থাতেই ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য প্রদান বা তথ্য বিকৃত করা যাবে না।

৬। সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষায় সর্বোচ্চ দায়িত্বশীল ও দায়বদ্ধ থাকতে হবে।

৭। ট্যাবলেট যথাসময়ে চার্জ করতে হবে। অবহেলা বা অসতর্কতার কারণে ট্যাবলেট ক্ষতিগ্রস্থ হলে বিধি মোতাবেক ক্ষতিপূরণ আদায় করা হবে।

৮। কোন পরিবারের ফ্যামিলি কার্ড প্রাপ্তি বা অপ্রাপ্তির বিষয়ে কোন প্রকার অর্থ লেনদেন, সুপারিশ বা প্রভাব বিস্তার সম্পূর্ণ নিষিদ্ধ।

৯। ইচ্ছাকৃত ভুল তথ্য প্রদান, তথ্য গোপন, তথ্য বিকৃত বা দায়িত্ব পালনে গুরুতর অবহেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বিজ্ঞপ্তিতে উল্লিখিত যেকোন শর্ত, সময়সূচি বা কার্যক্রম সংশোধন, পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

22/07/2026

(রেকসোনা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
কেশবপুর, যশোর।

স্মারক নং- ০৫.৪৪.৪১৩৮.০০০.০০২.০১.২৬-

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ / ২১ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৯০, যশোর-৬, কেশবপুর।
০২। জেলা প্রশাসক, যশোর।
০৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, যশোর।
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
০৫। প্রশাসক, কেশবপুর পৌরসভা, কেশবপুর, যশোর।
০৬। সহকারী কমিশনার (ভূমি), কেশবপুর, যশোর।
০৭। অফিসার ইনচার্জ, কেশবপুর থানা, যশোর।
০৮। সদস্য ........................... ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি, কেশবপুর, যশোর।
০৯। সদস্য ........................... ফ্যামিলি কার্ড শুমারি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, কেশবপুর, যশোর।
১০। উপজেলা .......................... অফিসার, কেশবপুর, যশোর।
১১। চেয়ারম্যান/প্রশাসক............................ ইউ.পি (সকল), কেশবপুর, যশোর।
১২। জনাব .................................................................।
১৩। অফিস নথি।

21.07.2026

(মোঃ রোকনুজ্জমান)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
কেশবপুর, যশোর।
ফোন-০২৪৭৭৭৬৭০২১